দৈনিক ইত্তেফাক

87

তারিখ 02 Apr 1990
পৃষ্ঠা 2 কলাম 2

## সূর্যসেন হলের প্রভোষ্টের পদত্যাগ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতিতে দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করিয়া সূর্যসেন হলের প্রভোষ্ট ডঃ আমিনুল ইসলাম গতকাল (রবিবার) তাঁহার দায়িত্ব হইতে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রভোষ্টের পদত্যাগ

(১ম পৃঃ পর)

পদত্যাগ করিয়াছেন। গতকাল ভিসির নিকট পেশকৃত পদত্যাগ পত্রে ডঃ আমিনুল ইসলাম বলেন, 'আমি আশা করিয়াছিলাম, যে নৃশংস হত্যাকাণ্ডের ফলে বিশ্ববিদ্যালয় বর্তমানে অনির্ধারিতভাবে বন্ধ রহিয়াছে, সরকার ও সংশ্লিষ্ট সকল দায়িত্বশীল মহল উহার বিরুদ্ধে কিছু বাস্তব দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন, যাহাতে বিশ্ববিদ্যালয় খোলার পর আর কেউ এই পবিত্র শিক্ষাঙ্গনে সন্ত্রাসে লিপ্ত হওয়ার সাহস না পায়। আমার সেই আশা পূরণ হয় নাই। আর তাই নিছক চাকুরীর খাতিরে প্রভোষ্টের পদে বহাল থাকার নৈতিক অধিকারও আমার নাই।

উল্লেখ্য, গত সপ্তাহে জহুরুল হক হলের প্রভোষ্ট এবিএম খালেদ তাহার দায়িত্ব হইতে পদত্যাগ করিয়াছেন।